

অধ্যাপক ড. পেয়ার আহমেদ

ডিন, বিজ্ঞান অনুষদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

ফোন: ৮৮-০২-৯৫৭৩৮৭৮:



Professor Dr. Payer Ahmed

Dean, Faculty of Science

Jagannath University, Dhaka-1100

Phone : 88-02-9573878:

তারিখঃ ০৫/০১/২০২০

## ইউনিট-১ (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

২০১৯-২০২০ শিক্ষাবর্ষ

### কোটার ১ম মাইগ্রেশন এবং ২য় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ইউনিট-১ (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত ছাত্র-ছাত্রীদের চয়েজ ফরম অনুযায়ী ২য় মেধা তালিকা ও ১ম মাইগ্রেশন তালিকা প্রকাশ করা হলো। উক্ত শিক্ষার্থীদের নিম্নলিখিত তারিখ অনুযায়ী ভর্তি ফি ও প্রয়োজনীয় সনদপত্রাদি জমা দিয়ে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ে ভর্তি না হলে তাঁর আসনটি শূণ্য বলে বিবেচিত হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

মনোনয়নপ্রাপ্ত বিভাগে যে সকল সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:

ক) ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত এবং স্বাক্ষরিত আবেদন ফরম (স্বাক্ষর Admit Card এ প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ হতে হবে)।

খ) পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card

গ) SSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্রসহ প্রতিটির একটি করে ফটোকপি

ঘ) HSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ডসহ প্রতিটির একটি করে ফটোকপি

ঙ) সম্প্রতি তোলা ২কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি

চ) কোটার সংশ্লিষ্ট মূল সনদ জমা দিতে হবে।

বিঃদ্রঃ ক) উল্লিখিত সনদ ও কাগজপত্র মনোনয়নপ্রাপ্ত বিভাগে নির্ধারিত তারিখে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে স্ব-শরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে। একজনের ফরম ও কাগজপত্র কোন অবস্থাতেই অন্যজন জমা দিতে পারবে না।

তালিকাজুক্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নলিখিত ছক অনুযায়ী সম্পন্ন করতে হবে

SureCash-এর মাধ্যমে ভর্তি ফি জমা দেয়ার তারিখ	প্রয়োজনীয় সনদপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ
০৬/০১/২০২০ থেকে ০৮/০১/২০২০	০৬/০১/২০২০ থেকে ০৮/০১/২০২০

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. পেয়ার আহমেদ)

ডিন, বিজ্ঞান অনুষদ ও সমন্বয়ক, ইউনিট-১ (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০১৯-২০২০

জগন্নাথ বিশ্ববিদ্যালয়